# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪২৩৪

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

### আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا أَخَذَ أَهْلَهُ الْوَعْكُ أَمَرَ بِالْحَسَاءِ فصُنعَ ثمَّ أَمر فَحَسَوْا مِنْهُ وَكَانَ يَقُولُ: «إِنَّهُ لَيَرْتُو فُؤَادُ الحزين ويسرو عَن فؤاد السقيم كَمَا تسروا إِحْدَاكُنَّ الْوَسَخَ بِالْمَاءِ عَنْ وَجْهِهَا» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ

### বাংলা

৪২৩৪-[৭৬] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পরিবারস্থ কারো জ্বর হলে তিনি হাসা প্রস্তুত করতে বলতেন এবং তা চেটে খেতে নির্দেশ দিতেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলতেন, এটা চিন্তাযুক্ত মনকে সুদৃঢ় করে এবং পীড়িতের অন্তর হতে রোগের ক্লেশকে দূর করে, যেমন- তোমাদের নারীদের কেউ পানি দ্বারা নিজের মুখমণ্ডলে হতে ময়লা দূর করে থাকে। (তিরমিযী; আর তিনি বলেছেনঃ এ হাদীসটি হাসান সহীহ।)[1]

### ফুটনোট

[1] য‘ঈফ : তিরমিযী ২০৩৯, ইবনু মাজাহ ৩৪৪৫, য‘ঈফ সুনান ইবনু মাজাহ ৭৫২, মুসনাদে আহমাদ ২৪০৩৫।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘মুহাম্মাদ ইবনু সায়িব’’ তার মা থেকে। কিন্তু তার মায়ের পরিচয় জানা যায় না। বিস্তারিত দেখুন- তাহক্বীক মুসনাদে আহমাদ, শু‘আয়ব আরনাউত্বব : ২৪০৮১।

### ব্যাখ্যা

ব্যাখ্যাঃ الْحَسَاءِ ‘হাসা-’ হলো তরল জাতীয় শরবত বা ঝোল, যা ময়দা, পানি ও তেলের সমন্বয়ে তৈরি করা হয়।

আল কারী (রহিমাহুল্লাহ) বলেছেনঃ কোন কোন ‘উলামা তেলের পরিবর্তে “ঘি” এর কথা উল্লেখ করেছেন। আল কামূসে রয়েছে, ‘হাসা’ এমন তরল জাতীয় শরবত যা পানির মতো ঢোকে ঢোকে পান করা হয়, আর এটা পান করলে হৃদ যন্ত্রণা প্রশমিত হয়। (তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ২০৩৯)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74957

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন